



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ

ই-মেইল dgmsmc@krishibank.org.bd
ফোনঃ ৯৫৫০৮০৩



মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-বিকেবি-প্রকা-ক্রেডিবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৫)/২০২০-২০২১/ ০৮৪৭(০২০০)

তারিখঃ ০৯/০২/২০২১

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখাসমূহ
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ২০২০-২০২১ অর্থ বছরে এসএমই খাতে নারী উদ্যোক্তাদের ঋণ বিতরণে গতিশীলতা আনয়ন ও বিতরণ লক্ষ্যমাত্রা অর্জন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশের মোট জনসংখ্যার প্রায় ৫০ শতাংশই নারী। জনসংখ্যার এ কাঠামোর কারণে টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্যে অর্থনীতির মূল শ্রোতে নারীদের অংশগ্রহণ একান্তভাবেই অপরিহার্য। সে লক্ষ্যে দেশের শিল্প উন্নয়নে নারী উদ্যোক্তাদের অংশগ্রহণ বৃদ্ধি এবং অধিক সংখ্যক নারী উদ্যোক্তাদের ব্যবসায়িক কর্মকাণ্ডে জড়িত করার স্বার্থে ব্যাংক ঋণ প্রাপ্তির অপরিহার্যতা রয়েছে। ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের নারী উদ্যোক্তাদের জন্য সহজ শর্তে অধিক প্রাতিষ্ঠানিক ও আর্থিক সুবিধা নিশ্চিত করতে বাংলাদেশ ব্যাংক ইতিমধ্যে বেশ কিছু পদক্ষেপ গ্রহণ ও ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য অনুসরণীয় নীতিমালা জারী করেছে। উল্লেখিত নীতিমালাসমূহ অনুসরণ করে নারী উদ্যোক্তাদের এসএমই ঋণ বিতরণে অগ্রাধিকার দিতে হবে।

০৩। এসএমই খাতে নারী উদ্যোক্তাদের ঋণ বিতরণের বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনায় নিয়ে অর্থবছরের প্রারম্ভেই অত্র ব্যাংকের বিভাগওয়ালা নারী উদ্যোক্তা (এসএমই) ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করে করণীয় সম্পর্কিত দিক নির্দেশনা প্রদানপূর্বক মাঠ পর্যায়ে পত্র জারী করা হয়। চলতি ২০২০-২০২১ অর্থবছরে ৩১/১২/২০২০ তারিখ ভিত্তিক বিভাগওয়ালা নারী উদ্যোক্তা ঋণ (এসএমই) বিতরণ অবস্থা নিম্নরূপঃ

(কোটি টাকায়)

নং ক্রঃ	বিভাগের নাম	এসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা	নারী উদ্যোক্তা খাতে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা (মোট এসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার ১৫%)	৩১/১২/২০২০ ভিত্তিক অর্জন		অর্জনের শতকরা হার (%)	মন্তব্য
				সংখ্যা	পরিমাণ		
১	ঢাকা	৭৯৫.০০	১১৯.২৫	১০৬	৩.৯০	৩%	চরম হতাশাব্যঞ্জক
২	ময়মনসিংহ	৩২৫.০০	৪৮.৭৫	৩১	১.৯৬	৪%	
৩	চট্টগ্রাম	৩৫০.০০	৫২.৫০	৪৮	১.৭৬	৩%	
৪	খুলনা	৩৫৫.০০	৫৩.২৫	০৭	০.১৯	০%	
৫	বরিশাল	১৪৯.৫০	২২.৪৩	৩০	০.৫০	২%	
৬	সিলেট	২৩৫.০০	৩৫.২৫	৩০	৬.১৯	১৮%	
৭	কুমিল্লা	৪৩৯.৫০	৬৫.৯৩	২৬	১.১১	২%	
৮	কুষ্টিয়া	৩৯২.০০	৫৮.৮০	১০৮	৬.৬৩	১১%	
৯	ফরিদপুর	৩১৫.০০	৪৭.২৫	২১	০.৮০	২%	
১০	এলাপিও	১৪৪.০০	২১.৬০	০০	০.০০	০%	
		৩৫০০.০০	৫২৫.০০	৪০৭	২৩.০৮	৪%	

উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায় নারী উদ্যোক্তা খাতে মোট ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ৫২৫.০০ কোটি টাকার বিপরীতে ৩১/১২/২০২০ তারিখ পর্যন্ত বিতরণ করা হয়েছে মাত্র ২৩.০৮ কোটি টাকা, যা মোট বিতরণ লক্ষ্যমাত্রার ৪%। কোন বিভাগই এ খাতে উল্লেখযোগ্য কোন অগ্রগতি প্রদর্শন করতে পারেনি। এর দ্বারা প্রতিয়মান হয় মাঠ কার্যালয়সমূহ এ খাতে অর্থায়নে যথেষ্ট আন্তরিক নয় যা খুবই হতাশাব্যঞ্জক। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় ২০২০-২১ অর্থবছরে অত্র ব্যাংক কর্তৃক ৫০০জন নতুন নারী উদ্যোক্তাকে ২০.০০ কোটি ঋণ বিতরণ করার লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। ডিসেম্বর/২০২০ তারিখ ভিত্তিক ২০৮ জন নতুন নারী উদ্যোক্তার অনুকূলে ৯.৫৭ কোটি টাকা বিতরণ করা হয়েছে। নারী উদ্যোক্তা খাতে এসএমই ঋণ বিতরণের আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ায় ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক চরম অসন্তোষ প্রকাশ করা হয়েছে এবং নির্ধারিত সময়ের মধ্যে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা শতাংশ অর্জনে অধিকতর তৎপর হওয়ার বিষয়ে কঠোর নির্দেশনা প্রদান করা হয়েছে।

৫৮


০৩। চলতি ২০২০-২০২১ অর্থবছরের নারী উদ্যোক্তা খাতে এসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করতে নিম্নোক্ত বিষয়াদি অনুসরণ করার জন্য অনুরোধ করা হলোঃ

- ক) “ যদি কোন নারী ব্যক্তি মালিকানাধীন বা প্রোপ্রাইটরি প্রতিষ্ঠানের ক্ষেত্রে স্বত্বাধিকারী বা প্রোপ্রাইটর হন কিংবা অংশীদারী প্রতিষ্ঠান বা রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস্ নিবন্ধিত প্রাইভেট কোম্পানির পরিচালক বা শেয়ার হোল্ডারগণের মধ্যে অনূন্য ৫১% (শতকরা একাত্তর ভাগ) অংশের মালিক হন তাহলে তিনি বা তাঁরা নারী উদ্যোক্তা হিসেবে পরিগণিত হবেন এবং ঐ উদ্যোগটি নারী উদ্যোগ হিসেবে বিবেচিত হবে।” উল্লিখিত সংজ্ঞা অনুসরণপূর্বক প্রকৃত নারী উদ্যোক্তা চিহ্নিতকরণপূর্বক অর্থায়ন করতে হবে ;
- খ) অত্র ব্যাংকের প্রতিটি শাখায় Women Entrepreneur’s Dedicated Desk চালু রয়েছে, সেখানে উপযুক্ত জনবল (সম্ভব হলে নারী কর্মকর্তা) নিয়োগ করে তাদেরকে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। উক্ত ডেস্কের মাধ্যমে সম্ভাব্য নারী উদ্যোক্তাদের সেবা প্রদান করতে হবে ;
- গ) প্রত্যেক আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক কার্যালয়ে “Women Entrepreneurs’s Development Unit” (নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট) চালু রয়েছে। নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট কর্তৃক শাখায় স্থাপিত ডেস্কের কার্যক্রম মনিটরিং করবে। নারী উদ্যোক্তা ইউনিটে নারী কর্মকর্তা নিয়োজিত করার বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা যেতে পারে ;
- ঘ) প্রতিটি শাখা তার আওতাধীন এলাকায় ন্যূনতম ০৩(তিন)জন নারী উদ্যোক্তাকে (যারা ইতোপূর্বে কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান থেকে কোন প্রকার ঋণ গ্রহণ করেননি) খুঁজে বের করবে। এ সকল নারী উদ্যোক্তাদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করবে এবং এদের মধ্যে থেকে ন্যূনতম ০১(এক) জনকে ঋণ প্রদান করতে হবে ;
- ঙ) নারী উদ্যোক্তাদের ঋণ আবেদনপত্র সর্বোচ্চ অগ্রাধিকার ভিত্তিতে গ্রহণ ও নিষ্পত্তি করতে হবে।

০৪। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত এসএমই ঋণ নীতিমালা (পরিকল্পনা ও পরিচালন (প্রবাবি) পরিপত্র নং ২৬/২০১০ তারিখ ৩০/১১/২০১০), বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সিএমএসএমই অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার (এসএমইএসপিডি সার্কুলার নং-০২, তারিখঃ ০৫/০৯/২০১৯) এবং সময়ে সময়ে জারীকৃত এ সংক্রান্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে নারী উদ্যোক্তা খাতে অর্থায়ন করতে হবে। আগামী মার্চ/২০২১ তারিখের মধ্যে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন এবং নির্ধারিত সময়ের মধ্যে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ উক্ত ঋণ বিতরণ ও রিপোর্টিং কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত



(মোহাম্মদ মঈনুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৫০৪০৩

নং-বিকেবি-প্রকা-ক্রেডিবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৫)/২০২০-২০২১/ ২০৬৭(০২০০) তারিখঃ ০৯/০২/২০২১
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।

Moinul Hossain

০৯/০২/২০২১

(মুহাম্মদ মোশাররফ হোসেন)

সহকারী মহাব্যবস্থাপক